খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, ট্যুইটার এবং ইন্সটাগ্রাম।
Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

RNI NO.WBBEN/2023/87806 (Govt. Of India)
EDITOR - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের
১৫ ও ৩০ তারিখ
প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র
খবর সোজাসুজি
বিজ্ঞাপনের জন্য
যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol- 4 ● Issue- 04 ● Bardhaman ● 30 July 2026 ● Rs. 2.00 ( Four Pages )


## এক নজরে

● আলুর দাম তলানিতে ।দেনার দায়ে মাথায় হাত চাষীদের ।ভিন রাজ্যে এবং বিদেশে আলু রপ্তানি করার জন্য নেই কোনো সরকারি উদ্যোগ ।আলু চাষ করে যেন খুব অন্যায় করে ফেলেছে চাষীরা।

● ভূমি দপ্তর,শিক্ষা প্রতিষ্ঠান, পিডব্লুডি,পৌরসভা,পঞ্চায়েত সহ সরকারি সব বিভাগে ২০১১ থেকে ২০২৬ পর্যন্ত তৃণমূল আমলে হওয়া প্রাতিষ্ঠানিক দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখতে কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি বিশ্বজিৎ বসুর সভাপতিত্বে বিচারবিভাগীয় তদন্ত কমিশন গঠন করল রাজ্য সরকার।

● প্রায় ২০ বছর পর কলকাতায় ফিরছেন বিতর্কিত লেখিকা তসলিমা নাসরিন।

● জামালপুর,ধনেখালি সহ অনেক জায়গাতেই গ্রামে গ্রামে এখন পোল্ট্রি ফার্মের ছড়াছড়ি ।বেশিরভাগ পোল্ট্রি ফার্মই পরিবেশ দপ্তর এবং পঞ্চায়েতের অনুমতি ছাড়াই একেবারে পাড়ার মধ্যে গড়ে উঠেছে বলে অভিযোগ ।দুর্গন্ধে অতিষ্ঠ জনজীবন।পঞ্চায়েত থেকে সার্ভে করে দেখুক পঞ্চায়েতের বিনা অনুমতিতে পরিবেশ দপ্তরের ছাড়পত্র ছাড়াই পঞ্চায়েত এলাকায় কোথায় কতগুলো পোল্ট্রি ফার্ম তৈরি হয়েছে, অবৈধ পোল্ট্রি ফার্মের বিরুদ্ধে নেওয়া হোক কঠোর আইনি ব্যবস্থা,চাইছেন সাধারণ মানুষজন।

● আইনের তোয়াক্কা না করে রায়নার শ্যামসুন্দর এলাকায় চুটিয়ে টিউশন পড়াচ্ছেন অনেক স্কুল শিক্ষক, অভিযোগ।পশ্চিমবঙ্গ গৃহ শিক্ষক কল্যাণ সমিতির পক্ষ থেকে ইতিমধ্যেই পূর্ব বর্ধমান জেলার ৫৫৩ জন স্কুল শিক্ষকের বিরুদ্ধে বর্ধমান ডিআই অফিসে অভিযোগ জমা পড়েছে বলে জানা গেছে।

● এক সপ্তাহ নিখোঁজ থাকার পর ধনেখালির মির্জানগরের যুবক সূর্যকান্ত মাঝির মৃতদেহ মাকালপুরের একটি খাল থেকে উদ্ধার করল দাদপুর থানার পুলিশ। মৃত্যুর রহস্য উদঘাটন করতে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। আটক ২ যুবক সহ ১ যুবতী।

● সারের দাম এমআরপি'র থেকে বেশি নেওয়া হচ্ছে বলে অভিযোগ এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীর বিরুদ্ধে।পাকা রসিদও দেওয়া হচ্ছে

(এরপর চারের পাতায়)

## ভিন রাজ্যে নয়, ভিন রাষ্ট্রে আলু পাঠানোর ব্যবস্থা করুক সরকার : চাষী বন্ধু চন্ডীসাধন কোলে

নিজস্ব প্রতিবেদন - আলুর দাম তলানিতে ।দেনার দায়ে মাথায় হাত চাষীদের। হিম ঘরে আলু রেখে দাম



না পেয়ে সর্বস্বান্ত চাষীরা ।চাষীদের এই দুরবস্থায় আবারও মুখ খুললেন হুগলি জেলার ধনিয়াখালি ব্লকের ধামাইটিকরের অবসরপ্রাপ্ত অধ্যাপক চাষী বন্ধু চন্ডীসাধন কোলে ।ভিন রাষ্ট্রে আলু পাঠানোর জন্য সরকারের কাছে দাবি জানালেন তিনি ।আলু চাষীরা যাতে ন্যায্য দাম পান তার জন্য তিনি কলকাতা হাইকোর্টে দু'বার জনস্বার্থ মামলাও করেছিলেন। চাষীদের দুঃখ দুর্দশা নিয়ে লিখেছেন 'এ রাজ্যের চাষীরা শোষিত-বঞ্চিত -উৎপীড়িত' সহ একাধিক বই ।আলু চাষীরা যাতে ন্যায্য দাম পান তার জন্য এই ছিয়াশি বছর বয়সেও তিনি দরবার করছেন বিভিন্ন প্রশাসনিক মহলে,চিঠি লিখছেন মন্ত্রী আমলাদের ।ইতিমধ্যেই তিনি এ বিষয়ে হাইকোর্ট এবং সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতিকে চিঠিও পাঠিয়েছেন বলে জানা গেছে ।আলুর লাভজনক দামের দাবিতে কলকাতা হাইকোর্টে সুয়োমোটো কেস করে শুনানির আবেদন জানিয়ে এখনও পর্যন্ত কোনো সদুত্তর না পেয়ে চাষিদের পক্ষে এবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে চিঠি লিখেছেন তিনি। খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিককে দেওয়া একান্ত সাক্ষাৎকারে চন্ডী সাধন বাবু বলেন,''মমতার সরকার চাষীদের একেবারে শুইয়ে দিয়েছে। ভিখিরির দশা করে দিয়েছে পনেরো বছরে ।তৃণমূল সরকারের ভ্রান্ত নীতি এবং অন্যায় জেদ চাষীদের সর্বনাশ করে দিয়েছে ।চাষীরা চলমান শ্মশান,তাদের মুখে কোনো ভাষা নেই ।আমরা যদি চাষ করে চাষের উৎপাদন খরচটাই না তুলতে পারলাম তাহলে কৃষক ভাতা পেয়ে কি হবে ? খয়রাতি সাহায্যে কি হবে ? আমি চাষ করে স্বনির্ভর হবো ।আলুকে খোলা বাজারে ছেড়ে দিতে হবে ।শুধু ভিন রাজ্যে নয়,আলু যদি ভিন রাষ্ট্রে যায় তাহলেই চাষ এবং চাষী বাঁচবে ।মমতা বন্দ্যোপাধ্যায়কে আমরা চেয়েছিলুম, এনেছিলুম সবই ঠিক আছে কিন্তু তিনি চাষীকে একদম মেরে দিয়েছেন। চাষীদের পাশে দাঁড়াক রাজ্যের নতুন সরকার। সরকার সর্বতোভাবে সাহায্য করুক চাষীদের। ভিন রাজ্যে নয়,ভিন রাষ্ট্রে আলু পাঠাবার ব্যবস্থা করুক সরকার ।আলু ভিন রাজ্যে যাচ্ছে কিন্তু দাম বাড়ছে না ।এ বড় অদ্ভূত ব্যাপার। চাষীরা বিপদের মধ্যে পড়ে আছে ।সরকার পাশে দাঁড়াক ।আলু যাতে ভিন রাজ্যে নয়,ভিন রাষ্ট্রে যায় তার একটা বেচাকেনার ব্যবস্থা করুক সরকার।''

## গ্রেফতার গুড়াপ গ্রাম পঞ্চায়েতের প্রধান সহ ২ তৃণমূল কর্মী

নিজস্ব প্রতিবেদন - ২০২১ সালে বিধানসভা ভোট পরবর্তী হিংসার



ঘটনায় জড়িত থাকার অভিযোগে গুড়াপ গ্রাম পঞ্চায়েতের প্রধান দন্ডীচরণ ঘোষ সহ ফরিদপুরের আরও দুই তৃণমূল কর্মী শুভঙ্কর ঘোষ এবং সেখ আসরাফ উদ্দিন ওরফে কাজলকে মঙ্গলবার রাতে গ্রেফতার করল গুড়াপ থানার পুলিশ ।ধৃতদের বিরুদ্ধে মারধর,লুটপাট সহ একাধিক অভিযোগ করেছেন ফরিদপুরের বিজেপি কর্মী সৌদীপ ঘোষ ।অভিযুক্তদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করেছে পুলিশ ।এ বিষয়ে ধনেখালির বিধায়ক অসীমা পাত্রকে ফোনে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন,''পঞ্চায়েতে যাতে না

(এরপর দুয়ের পাতায়)

## বিধানসভার উল্লেখ পর্বের ইস্যুর জবাব দিতে হবে মন্ত্রীদের : শুভেন্দু

অরিজিত চক্রবর্তী - এখন থেকে বিধানসভার উল্লেখ পর্বে বিধায়করা তাঁদের এলাকার যে সমস্ত সমস্যা তুলে ধরবেন বিভাগীয় মন্ত্রীদের তার লিখিত উত্তর সংশ্লিষ্ট সদস্যকে পাঠাতে হবে ।সম্প্রতি বিধানসভায় দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বিভাগীয় মন্ত্রীদের এই নির্দেশ দেন ।মুখ্যমন্ত্রী বিধানসভার সচিবালয়কে উল্লেখ পর্বে বিধায়কদের উত্থাপিত প্রশ্নগুলি সাত দিনের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীদের কাছে পাঠিয়ে দেয়ার অনুরোধ করেন ।এ বিষয়ে তিনি সভার অধ্যক্ষ রথীন্দ্র নাথ বসুর সহযোগিতা চান ।মন্ত্রীদের দপ্তরে ওই চিঠি পাঠানোর পাশাপাশি তার একটি প্রতিলিপি মুখ্যমন্ত্রীর দপ্তরে পাঠাতে বলেন ।মুখ্যমন্ত্রী জানান, বিধায়কদের এলাকার সমস্যা সম্পর্কে বিধানসভায় উত্থাপিত বিষয়গুলির ওপর তাঁর দপ্তর নজর রাখবে । সমস্যাগুলি সমাধানে সংশ্লিট দফতর কি ব্যবস্থা নিচ্ছে বিভাগীয় মন্ত্রী সেটি লিখিতভাবে সদস্য বা সদস্যাকে জানাবেন। মুখ্যমন্ত্রীর দপ্তরকেও এ ব্যাপারে অবহিত করে রাখার নির্দেশ দেন তিনি। বিধানসভার ইতিহাসে এই প্রথম এ ধরনের পদক্ষেপ নেওয়া হচ্ছে ।এদিকে,সরকারের এই অভিপ্রায়কে স্বাগত জানিয়েছেন ঋতব্রতপন্থী তৃণমূল কংগ্রেস বিধায়ক



ও রাজ্যের প্রাক্তন মন্ত্রী ফিরহাদ হাকিম ।সভায় বিষয়টি উল্লেখ করে ফিরহাদ বলেন,সরকারের এই সিদ্ধান্ত নজিরবিহীন। এতদিন বিধানসভা চলছে,কিন্তু এই বিষয়টি নিয়ে কেউ ভাবেন নি ।বিধায়কদের অভাব - অভিযোগে গুরুত্ব দিতে সরকারের এই পদক্ষেপের জন্য তিনি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানান ।শুভেন্দু বাবু অধিবেশনে বলেছেন, বিধানসভা চলাকালীন নূন্যতম সাত জন মন্ত্রীকে সভায় হাজির থাকতে হবে ।না হলে তিনি অধ্যক্ষকে অধিবেশন মুলতুবি করে দিতে বলেছেন ।তাঁর আরও নির্দেশ,সভা চলাকালীন বিধানসভার চেম্বারে মন্ত্রীদের বিধায়কদের সঙ্গে নিয়মিত দেখা সাক্ষাত করতে হবে ।তাঁদের এলাকার সমস্যার কথা শুনতে হবে ।মুখ্যমন্ত্রী হিসাবে তিনি যতটা সম্ভব বিধানসভায় হাজির থাকবেন ।প্রতি বুধবার প্রশ্নোত্তর পর্বে যোগ দেবেন ।বিধায়করা ওই দিন মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করতে পারবেন।

## কানানদী সংস্কারে অস্বচ্ছতার অভিযোগ,ক্ষুব্ধ এলাকার মানুষজন

নিজস্ব প্রতিবেদন - পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ দপ্তরের উদ্যোগে এবং বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় বর্ধমান ইরিগেশন ডিভিশন কর্তৃক ১৩১ কোটিরও বেশি টাকা ব্যয়ে নদীর দু'পাশের মাটি জেসিবি দিয়ে একটু এদিক ওদিক করে দেওয়া হয়েছে বলে অভিযোগ,মাঝের মাটি সরানো হয়নি ।একদম দায় সারা কাজ হয়েছে বলে অভিযোগ স্থানীয় বাসিন্দাদের।




জামালপুর থেকে সিঙ্গুর পর্যন্ত কানানদী সংস্কার হয়েছে,কিন্তু কাজ সেরকম হয়নি বলে অভিযোগ ।অনেক জায়গাতেই নদীর মাটি নদীতেই রয়ে গেছে,পাড়ে আর পড়েনি। জামালপুরের মথুরাপুর,নারায়নপুর, গোহালদহ সহ একাধিক এলাকায় একবছরও হয়নি কানানদী সংস্কার হয়েছে,কিন্তু এখনই নদীর মাঝে উঁচু জায়গায় আগাছা জন্মে গেছে,নদীর মাঝে গরু বাঁধা আছে ।তাহলে বোঝাই যাচ্ছে কানানদী কেমন সংস্কার হয়েছে ! পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের গোহালদহ এলাকার ছবি।

খবর সোজাসুজি

Volume-4 ● Issue- 04 ● 30 July, 2026

# প্রাইভেট টিউশন

স্কুল শিক্ষকদের প্রাইভেট টিউশন বন্ধে কড়া নির্দেশ জারি করেছে রাজ্য সরকার। আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে প্রাইভেট টিউশন করলেই কড়া শাস্তির মুখে পড়বেন স্কুল শিক্ষকরা,বন্ধ হতে পারে বেতন ।বরখাস্তও হতে পারেন চাকরি থেকে। জাতীয় মানবাধিকার কমিশনের নোটিশের প্রেক্ষিতে সম্প্রতি স্কুল শিক্ষা দপ্তর জানিয়ে দিয়েছে স্কুল টিচাররা কোনো ভাবেই প্রাইভেট টিউশন পড়াতে পারবেন না ।কারো বিরুদ্ধে প্রাইভেট টিউশন পড়ানোর অভিযোগ উঠলে অভিযোগ খতিয়ে দেখে সংশ্লিষ্ট টিচারের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে। কিন্তু নীতি নৈতিকতা বিসর্জন দিয়ে আইন অমান্য করে এখনও পর্যন্ত কিছু স্কুল শিক্ষক প্রাইভেট টিউশন পড়াচ্ছেন বলে অভিযোগ ।যে সব স্কুল শিক্ষক আইন অমান্য করে প্রাইভেট টিউশন পড়াচ্ছেন,তাদের মধ্যে কেউ কেউ আবার প্রতিবাদী বেকার শিক্ষিত ছেলে মেয়েদের বিরুদ্ধে মানহানির মামলা করার হুমকি দিচ্ছেন বলে অভিযোগ। এ তো দেখছি চোরের মায়ের বড় গলা ।মান থাকলে তবেই তো মানহানির মামলা করা যায় ।যাদের মান'ই নেই তারাই আবার মানহানির মামলার হুমকি দিচ্ছেন ।যারা প্রাইভেট টিউশন পড়ান না বলে স্কুলে প্রধান শিক্ষকের কাছে মুচলেকা দিচ্ছেন তারাই আবার আইন অমান্য করে প্রাইভেট টিউশন পড়াচ্ছেন,আবার মানহানির মামলার হুমকিও দিচ্ছেন ? এ কেমন নৈতিকতা ? আপনারা তো শিক্ষক,মানুষ তৈরির কারিগর। আপনারাই যদি আইন না মানেন তাহলে ছাত্র ছাত্রীদের কি নীতি শিক্ষা দেবেন? আপনাদের মতো কতিপয় শিক্ষকের জন্য আজ সমগ্র শিক্ষক সমাজের বদনাম হচ্ছে। এ বিষয়ে অভিভাবকদেরও সচেতন হতে হবে ।আপনার ছেলে মেয়েকে কোন্ টিচারের কাছে প্রাইভেট পড়তে পাঠাবেন সেটা আপনার চয়েস ।কিন্তু স্কুল টিচারদের বাদ দিয়েই আপনাকে টিচার চয়েস করতে হবে। স্কুল টিচারদের প্রাইভেট টিউশন পড়ানো আইনত নিষিদ্ধ ।তাই বেআইনি কাজকে সমর্থন করা কখনোই কাম্য নয়। জিরো টলারেন্স নীতি মেনে আইন অমান্য করে যে সব স্কুল শিক্ষক এখনও প্রাইভেট টিউশন পড়াচ্ছেন তাদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ গ্রহণ করুক রাজ্যের ডবল ইঞ্জিন সরকার ।বন্ধ হোক স্কুল শিক্ষকদের প্রাইভেট টিউশন।

# পক্ষপাতিত্ব

জামালপুর,ধনেখালি সহ বিভিন্ন এলাকার বেশ কিছু আমিনের বিরুদ্ধে মাপজোকের ক্ষেত্রে প্রায়শই পক্ষপাতিত্বের অভিযোগ উঠছে ।পক্ষপাতিত্ব না করে আমিন বন্ধুরা মাপের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখুন ।ম্যাপ অনুযায়ী সঠিক মাপ করুন ।মাপের ক্ষেত্রে দু'এক ফুটের তফাৎ হতে পারে,কিন্তু সেটা কখনোই যেন আকাশ পাতাল তফাৎ না হয়। কোনো প্রলোভন কিংবা চাপের কাছে মাথা নত না করে ম্যাপ অনুযায়ী স্কেল করুন। ভাইয়ে ভাইয়ে কিংবা প্রতিবেশীর সঙ্গে ঝগড়া লাগানোর মতো কাজ করবেন না ।বাড়িতে বসে স্কেচ ম্যাপ না দিয়ে ফিল্ডে এসে সঠিক কাগজপত্র দেখে ম্যাপ অনুযায়ী মাপজোক করে স্কেচ ম্যাপ দিন ।মানুষ আপনাদের বিশ্বাস করে,আপনাদের ওপর ভরসা রাখে ।সেই ভরসার মর্যাদা দিন।'আমিন' কথাটার মর্যাদা রাখুন ।দু'চারজন পক্ষপাতিত্ব মূলক আচরণকারী আমিনের জন্য সব আমিনদেরই কিন্তু বদনাম হচ্ছে,যা কখনোই কাম্য নয়।

# চলন্তিকা

**সিদ্ধেশ্বর দত্ত**

চলছে যা সব বলছে লোকে
জনশ্রুতি ইতিউতি
ফুঁসছে নাকি আমজনতা
দুষছে - কোথায় প্রতিশ্রুতি !
বলছে বা কেউ,ধৈর্য্য ধরো,
এই তো সবে শাসনভারে -
সামলে নিতে হবেই দিতে
আর কিছুটা সময় তারে।
প্রশাসনে জোর কদমে
ঝাড়াই বাছাই 'ভূত'-এর খোঁজে
অদৃশ্য হাত তুলছে ভাতা,
এবার জালে পড়বে ও যে !
এরই মাঝে দিকে দিকে
চলছে গুণী খোঁজার পালা,
ক্যামেরা ফ্লাশ,উত্তরীয়,
জড়িয়ে ধরা,ফুলের মালা !

# গ্রেফতার গুড়াপ গ্রাম পঞ্চায়েতের প্রধান

(প্রথম পাতার পর)

যান সেজন্য এর আগে প্রধানকে ফোনে ভিডিও কল করে হুমকি দেওয়া হয়েছিল।কিন্তু হুমকি উপেক্ষা করে পঞ্চায়েত মন্ত্রীর কথা মতো প্রধান অফিসে আসার কারণেই তাকে মিথ্যা কেসে ফাঁসানো হয়েছে।আইন আদালতের ওপর আমাদের পুরো ভরসা আছে।মিথ্যা কেস দিয়ে তৃণমূলকে দমানো যাবে না।'' গতকাল ধৃতদের চুঁচুড়া কোর্টে পেশ করা হলে শুভঙ্কর ঘোষ এবং সেখ আসরাফ উদ্দিনকে দু'দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক এবং পঞ্চায়েত প্রধান দন্ডীচরণ ঘোষের জামিনের আবেদন মঞ্জুর করেন বিচারক।

# পৃথিবীতে জলবায়ু পরিবর্তন দ্রুততর হচ্ছে

**বিশ্ব রঞ্জন গোস্বামী**

এখন পৃথিবীতে জলবায়ু পরিবর্তন দ্রুততর হচ্ছে ।গত দশ বছরে এই গতি প্রায় দ্বিগুণ হয়েছে ।নতুন এক গবেষণা থেকে দেখা গেছে পৃথিবী এখন প্রতি দশকে প্রায় ০.৩৫ ডিগ্রি সেলসিয়ার্স হারে উষ্ণ হচ্ছে। জলবায়ু বিজ্ঞানীদের মতে,মধ্যে এক বিতর্কিত গবেষণা অনুসারে ২০১৫ সাল থেকে বিশ্ব উষ্ণায়নের হার বেড়েছে ।তবে এই নিয়ে বিজ্ঞানীদের মধ্যে বিতর্কও দেখা দিয়েছে। তবে এখন তা সত্তরের দশকের তুলনায় প্রায় দ্বিগুণ।

গত তিন বছরে তাপমাত্রার সব রেকর্ড ভেঙ্গে গেছে ।তাই গবেষকেরা জানার চেষ্টা করছেন যে বিশ্ব উষ্ণায়ণ ত্বরান্বিত হচ্ছে কিনা ? যদি তাই হয় তাহলে কেন? অনেক বিজ্ঞানী একমত যে তাপমাত্রা বাড়ার হার সত্যি খুব উদ্বেগজনক। এর কারণ আন্তর্জাতিক পরিবহনের জন্য জ্বালানি নিয়ন্ত্রণ চালু করার পর বায়ু দূষণ কমার কারণে মহাকাশে সূর্যের আলো প্রতিফলিত করে এমন দূষণকারী কণা ও বীজ নিরোধক মেঘের সংখ্যা কম হয়েছে ।জার্মানির এক বিজ্ঞানী স্টিফান রামস্টর্ফ জানান 'আপনি হয়ত চোখে দেখতে পাচ্ছেন না এটি বাড়ছে'। তিনি জানান তার কাছে শক্তিশালী প্রমাণ রয়েছে বিশ্বের উষ্ণতা বৃদ্ধি পেয়েছে প্রতি দশকে ০.৩৫ ডিগ্রী সেলসেরিয়াস হারে। এই গবেষনার ফলাফল কিছুদিন আগে জিওফিজিক্যাল রিসার্চ লেটারর্সে প্রকাশিত হয়েছে। ২০২৩ ও ২০২৪ সালে এল নিনোর প্রভাবে রেকর্ড পরিমানে তাপমাত্রা বেড়ে যায় ।মানুষ জীবাশ্ম জ্বালানি পোড়ায় বায়ুমন্ডলে যে তাপ আটকে থাকে। প্রধানত এই গ্যাস বের না হতে পারার জন্য বিশ্বব্যাপী তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে। ২০৩০ সালের মধ্যে পৃথিবীতে ২০১৫ সালের প্যারিস চুক্তির সীমা লঙ্ঘন করার উপরে থাকার পথে রয়েছে ।অন্যান গবেষণা থেকেও জানা গেছে পৃথিবীর তাপমাত্রা ক্রমশ বাড়ছে। এই পরিবর্তনের হার এখন প্রতি দশকে ০.২৭ ডিগ্রী সেলসিয়ার্স । অথচ গত সত্তরের দশকে এই হার ছিল ০.২০ ডিগ্রী সেলসিয়ার্স। প্রতি দশকে পৃথিবীর তাপমান প্রায় ০.৩৫ ডিগ্রি সেলসিয়ার্স হারে বাড়ছে,এই মতবাদের সাথে অনেক জলবায়ু বিজ্ঞানী একমত নন ।বিখ্যাত সংস্থা বার্কলে আর্থের জলবায়ু বিজ্ঞানী রবার্ট রোহডের মতে,বর্তমান উষ্ণায়ণের হার প্রতি দশকে ০.৩০ ডিগ্রি সেলসিয়ার্সের মত ।তবে সবাই মানছেন বিশ্ব উষ্ণায়ন ক্রমশ ত্বরান্বিত হচ্ছে। তাই এই বিষয়ে সকলের জরুরীকালীন ভিত্তিতে ভাবা উচিৎ। বিশ্ব উষ্ণায়নের ফলে বিভিন্ন রকম প্রাকৃতিক বিপর্যয়ের যেমন ঝড়,বন্যা,খরা ইত্যাদির ঘটনাও বাড়ছে। তাই পরিস্থিতি আরও জটিল হয়ে উঠছে। এক আন্তর্জাতিক গবেষণা গোষ্ঠী অ্যাট্রিবিউশন অনুসারে ২০২৫ সালে এই ধরনের ঘটনা বিশ্বজুড়ে লক্ষ লক্ষ মানুষকে বাস্তুচ্যুত করেছিল। বিজ্ঞানীরা আরও জানান বিশ্বের কিছু অংশে বিশ্ব উষ্ণায়ন অন্যান অংশের তুলনায় দ্রুততর হতে পারে ।তারা অনুমান করছেন, দক্ষিণ , পূর্ব চীন ও দক্ষিণ , পূর্ব মেক্সিকো উষ্ণায়নের হার বেশি হতে পারে ।গত তিন বছর পৃথিবীর সবচেয়ে উষ্ণতম বছর হিসাবে রেকর্ড করা হয়েছে।

# মুর্শিদাবাদে ট্রেনের ধাক্কায় মৃত ৫

নিজস্ব সংবাদদাতা - মর্মান্তিক দুর্ঘটনা মুর্শিদাবাদের বহরমপুরে ।স্কুলের পুলকারে ট্রেনের ধাক্কায় মৃত চার স্কুল পড়ুয়া সহ পাঁচ জন। হাসিমুখে স্কুলে রওনা দিলেও বাড়ি ফেরা আর হল না নিষ্পাপ এই শিশুদের। বহরমপুরের কাছে আজিমগঞ্জ,কাটোয়া শাখার কর্ণসুবর্ণ স্টেশন ও গোবিন্দপুর রেলগেটের মাঝামাঝি গেট ম্যানের ভুলে এই মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছে বলে অভিযোগ। ইতিমধ্যেই গেটম্যানকে সাসপেন্ড করে তদন্ত শুরু করেছে রেল। অভিযুক্ত গেটম্যানকে পুলিশ গ্রেফতার করেছে বলে জানা



গেছে।এই মর্মান্তিক দুর্ঘটনায় এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।




ধনেখালি বিধানসভার অন্তর্গত পলাশী পেট্রোল পাম্প থেকে হাজিগড় যাওয়ার রাস্তার বেহাল দশা ।পিচ রাস্তার পাথর উঠে গড়াগড়ি খাচ্ছে ।রাস্তায় অনেক জায়গায় বড় বড় গর্ত ।ভীষণ অসুবিধার সম্মুখীন হচ্ছেন পথ চলতি মানুষজন ।যেকোনো সময় ঘটতে পারে বড়সড় দুর্ঘটনা ।অবিলম্বে রাস্তাটি সংস্কারের উদ্যোগ গ্রহণ করুক প্রশাসন,চাইছেন এলাকার মানুষজন।

# পথশ্রীর হতশ্রী চেহারা

নিজস্ব প্রতিবেদন - পথশ্রীর হতশ্রী চেহারা।পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের নারায়নপুর থেকে মথুরাপুর হয়ে পাড়াতল ২ নং গ্রাম পঞ্চায়েতের সামনে দিয়ে বাগপলাশী কালভার্ট পর্যন্ত পিচ রাস্তাটি পথশ্রী প্রকল্পে বছর তিনেক আগে হয়েছিল। কিন্তু ছ'মাস যেতে না যেতেই জায়গায় জায়গায় পিচ উঠতে শুরু করেছিল। এ বিষয়ে আমরা একাধিকবার খবর করেছিলাম।কিন্তু প্রশাসনের টনক নড়েনি।নিম্নমানের সামগ্রী দিয়ে রাস্তার কাজ হয়েছিল বলে অভিযোগ।বর্তমানে রাস্তার মাঝে মাঝে অনেক জায়গায় সৃষ্টি হয়েছে বড় বড় গর্ত। বৃষ্টি হলেই জল



জমে থাকছে,বোঝার উপায় নেই রাস্তার কোথায় গর্ত, আর কোথায় গর্ত নেই।ভীষণ অসুবিধার সম্মুখীন হচ্ছেন পথ চলতি মানুষজন।যেকোনো সময় ঘটতে পারে বড়সড় দুর্ঘটনা।অবিলম্বে রাস্তাটি সংস্কারের উদ্যোগ গ্রহণ করুক প্রশাসন,চাইছেন এলাকার মানুষজন।



চুঁচুড়া রবীন্দ্র ভবনে প্রশাসনিক বৈঠকে পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ।হুগলি জেলার পঞ্চায়েতগুলির সার্বিক কাজ নিয়ে সোমবার একটি পর্যালোচনা বৈঠক হয়। পঞ্চায়েতের বিভিন্ন প্রকল্প যেমন ভিবিজি রামজি, প্রধানমন্ত্রী আবাসন যোজনা, স্বচ্ছ ভারত মিশন সংক্রান্ত নানান উন্নয়নমূলক কাজের বিস্তারিত পর্যালোচনা করা হয় বলে জানা গেছে।উন্নয়নমূলক কাজ কোনোভাবেই যাতে থমকে না থাকে এবং সাধারণ মানুষ পরিষেবা থেকে যাতে বঞ্চিত না হন আধিকারিকদের সেদিকে নজর দেওয়ার জন্য কড়া বার্তা দেন পঞ্চায়েত মন্ত্রী।



ধনেখালি বোসো চারা বাগান এলাকায় জোর কদমে চলছে ফায়ার ব্রিগেড স্টেশন তৈরির কাজ।




জামালপুর ব্লকের পাড়াতল ২ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মথুরাপুর আদিবাসী পাড়ায় লস্কর টুডুর বাড়ির সামনে থেকে বৈদ্যনাথ টুডুর বাড়ি পর্যন্ত  রাস্তার একদম বেহাল দশা।খানাখন্দে ভরা।বৃষ্টি হলে তো আর কথাই নেই।ভাঙা রাস্তার ওপর দিয়েই ছুটছে জল।রাস্তাটি আমাদের পাড়া আমাদের সমাধান প্রকল্পে ঢালাই হবার কথা থাকলেও কোনো এক অজানা কারণে এখনও পর্যন্ত কাজ শুরু হয় নি বলে অভিযোগ।ভীষণ অসুবিধার সম্মুখীন হচ্ছেন পথ চলতি মানুষজন।যেকোনো সময় ঘটতে পারে বড়সড় দুর্ঘটনা।



বাড়িতে রং করতে এসে চম্পট সোনা এবং টাকা পয়সা নিয়ে।পুলিশের জালে পাকড়াও তিন অভিযুক্ত,উদ্ধার ১৯ গ্রাম সোনা সহ ৫৩,৫০০ টাকা। দাদপুর থানার গনেশপুর এলাকার ঘটনা।



ধনেখালি ব্লকের গুড়াপ নেদামপুর থেকে হাজিগড় রেলগেট পর্যন্ত রাস্তার বেহাল দশা।উন্নয়ন যেন রাস্তায় দাঁড়িয়ে আছে।রাস্তায় বড় বড় গর্ত,খানাখন্দে ভরা।একদম দাঁত বের করা অবস্থা।চরম ভোগান্তির শিকার পথ চলতি মানুষজন।ভোট তো অনেক দিন হল মিটে গেছে,এবার তো উন্নয়ন কাজ শুরু হোক,চাইছেন এলাকার মানুষজন।




কানানদী মোড় থেকে খানপুর আসার পথে মালকেপুর কালভার্টের কাছে পিচ রাস্তার মধ্যে একটি বড় গর্ত সৃষ্টি হয়েছে।সাবধানে গাড়ি চালাবেন।যেকোনো সময় ঘটতে পারে বড়সড় দুর্ঘটনা।দ্রুত রাস্তাটি মেরামত করার উদ্যোগ গ্রহণ করুক প্রশাসন,চাইছেন পথ চলতি মানুষজন।

# যন্ত্রণার আর এক নাম গুড়াপ রেল গেট

নিজস্ব প্রতিবেদন - যন্ত্রণার আর এক নাম গুড়াপ রেল গেট।সকাল সন্ধ্যে ব্যস্ত সময়ে রেল গেট পড়লে আর উঠতেই চায় না।স্কুল ছাত্র ছাত্রী থেকে অফিস যাত্রী, অ্যাম্বুলেন্সের রোগী,সবাই ভোগান্তির শিকার হন। একবার গেট পড়লে আর রক্ষে নেই,আধ ঘন্টা, চল্লিশ মিনিট আবার কোনো কোনো সময় এক ঘন্টারও বেশি সময় গেটে আটকে থাকতে হয় বলে অভিযোগ।নেই কোনো উড়ালপুল।অগত্যা গেট পড়ে থাকলেও চলে ঝুঁকির পারাপার।গুড়াপে উড়াল পুলের দাবি দীর্ঘ দিনের।কিন্তু মানুষের দাবি মেনে এখনও পর্যন্ত গুড়াপে উড়াল পুল তৈরির জন্য কোনো উদ্যোগ গ্রহণ করেনি রেল কর্তৃপক্ষ, অভিযোগ।যানজট কমাতে এবং পথ চলতি মানুষদের অসুবিধার কথা মাথায় রেখে অবিলম্বে গুড়াপে উড়াল পুল তৈরির জন্য উদ্যোগ গ্রহণ করুক রেল কর্তৃপক্ষ,চাইছেন এলাকার মানুষজন।



# যন্ত্রণার বাম্পার

নিজস্ব প্রতিবেদন - খানপুর থেকে কানানদী হয়ে ধনেখালি যাবার রাস্তায় মহরমপুর স্কুলের সামনে একসাথে পরপর পাঁচটা করে দশটা বাম্পার।আবার কাশীপুর স্কুলের সামনেও একসাথে পরপর পাঁচটা করে দশটা বাম্পার।বাম্পার না মরণ ফাঁদ বোঝা দায়।সামান্য ব্যবধানে দুটো স্কুলের সামনে দশটা করে মোট কুড়িটা বাম্পার,ভাবা যায় ! দুর্ঘটনা এড়াতে স্কুলের সামনের রাস্তায় বাম্পার অবশ্যই দরকার আছে, তা বলে প্রতিটি স্কুলের সামনে পাঁচটা করে দশটা বাম্পার কি সত্যিই খুব প্রয়োজন আছে ? এতে তো হিতে বিপরীত হচ্ছে, দুর্ঘটনার কবলে পড়ছেন অনেকেই।বাইক বা চার/ছ'চাকা গাড়ির গতি নিয়ন্ত্রণে একটা কি দু'টো করে বাম্পার দিলে হতো না ? এরকম অবৈজ্ঞানিক পদ্ধতিতে বাম্পার করার অর্থ কি ? দুর্ঘটনা কমাতে রাস্তায় বাম্পার দেওয়া যেতেই পারে, কিন্তু পথ চলতি মানুষজনদের কথাও তো চিন্তা করতে হবে, প্রয়োজনে বাম্পার তুলতেও হবে।পিডব্লুডি রোডস কর্তৃপক্ষ কিংবা ব্লক প্রশাসনের কি নজরে পড়ছে না বিষয়টি ? উঠছে প্রশ্ন।



KHABOR SOJASUJI
RNI.NO.WBBEN/2023/87806

# কালীমন্দিরে চুরির ঘটনার কিনারা করল সিঙ্গুর থানার পুলিশ

নিজস্ব সংবাদদাতা - হুগলি গ্রামীণ পুলিশের সিঙ্গুর থানার তৎপরতায় বুরিগ্রাম কালীমন্দিরে চুরির ঘটনার কিনারা করে গুরুত্বপূর্ণ সাফল্য মিলেছে।এই ঘটনায় গ্রেফতার হওয়া অভিযুক্তের দেখানো মতে চুরি যাওয়া একাধিক মূল্যবান পুজোর সামগ্রী উদ্ধার করেছে পুলিশ।পুলিশ সূত্রে জানা গেছে,গত ১০ জুলাই রাতে বুরিগ্রাম কালীমন্দিরে চুরির ঘটনা ঘটে।এ ঘটনায় ১১ জুলাই সিঙ্গুর থানায় মামলা নং ৩৫২/২০২৬, ধারা ৩০৫(এ) BNS-এ মামলা রুজু করে তদন্ত শুরু হয়। তদন্তের ভিত্তিতে অভিযুক্ত শেখ আকবর আলি ওরফে কোচিকে গ্রেফতার করে ৫ দিনের পুলিশ হেফাজতে নেওয়া হয়।গত১৭ জুলাই



শুক্রবার পুলিশ হেফাজতে থাকা অবস্থায় অভিযুক্তের দেখানো মতে তার বাড়িতে তল্লাশি চালিয়ে একটি দেবীর মুকুট,দেবীর সোনার জিহ্বা,একটি রুপোর চেন এবং এক জোড়া সোনার সদৃশ কানের দুল উদ্ধার করা হয়।উদ্ধার হওয়া সামগ্রী আইনানুগভাবে সিজার লিস্টের মাধ্যমে বাজেয়াপ্ত করা হয়েছে।পুলিশ জানিয়েছে,ঘটনার তদন্ত এখনও চলছে। হুগলি গ্রামীণ জেলা পুলিশ অপরাধ দমন ও আইনশৃঙ্খলা বজায় রাখতে সর্বদা তৎপর রয়েছে।



একে তো মাটির রাস্তা,তার ওপর এই বর্ষাকালে চাষের মরশুমে ট্রাক্টর চলাচলের জন্য পাড়ার যাতায়াতের গ্ধএকমাত্র এই মাটির রাস্তার হাল একদম বেহাল।চলাচল করাই দায়।ভীষণ অসুবিধার সম্মুখীন হচ্ছেন এলাকার মানুষজন। পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের জাড়গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নারায়নপুর দেউলের পাড় এলাকার ছবি।

# ধনেখালি বাসস্ট্যান্ডে সরকারি কর্মতীর্থ ঘর বিতরণ নিয়ে অস্বচ্ছতার অভিযোগ,ক্ষুব্ধ এলাকার মানুষজন

নিজস্ব প্রতিবেদন - ধনেখালি বাসস্ট্যান্ডে পশ্চিমবঙ্গ সরকারের সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা দপ্তরের অর্থানুকুল্যে নির্মিত 'কর্মতীর্থ' ঘর পাওয়ার নিয়ম কি ? সরকারি নিয়ম অনুযায়ী ঘর নিতে গেলে তো কোনো টাকা লাগে না,রক্ষণাবেক্ষণের জন্য মাসে মাসে দু'একশো টাকা করে দেবার কথা।কিন্তু এখানে তো ভাড়াও দিতে হচ্ছে,ইলেকট্রিক বিলও দিতে হচ্ছে, আবার রক্ষণাবেক্ষণের খরচও দিতে হচ্ছে বলে অভিযোগ।ভাড়ার টাকা এবং রক্ষণাবেক্ষণের টাকা কারা নিচ্ছে ? কার সঙ্গে কত টাকা করে নেওয়া হচ্ছে ? কত জনকে কি শর্তে ঘর দেওয়া হয়েছে ? ঘর প্রাপকদের নাম ঠিকানা সহ সব কিছুই প্রকাশ্যে আসা দরকার।বেকার ছেলে মেয়েরা ব্যবসা




করার জন্য ঘর পাচ্ছে না,আর ধনেখালি বাসস্ট্যান্ডে কর্মতীর্থে অনেক ঘর বন্ধ হয়ে পড়ে আছে বলে অভিযোগ।যারা ব্যবসা করার জন্য ঘর নিয়েছে কিন্তু ব্যবসা না করে ঘরে চাবি দিয়ে রেখে দিয়েছে তাদের কাছ থেকে ঘর ফেরত নিয়ে কেন বেকার ছেলে মেয়েদের ব্যবসা করার জন্য সেই ঘর গুলো দেওয়া হচ্ছে না ? স্বচ্ছতা বজায় রাখতে অবিলম্বে শ্বেতপত্র প্রকাশ করে কর্মতীর্থ সম্পর্কে সব তথ্য প্রকাশ্যে নিয়ে আসুক ব্লক প্রশাসন,চাইছেন এলাকার মানুষজন।



শ্রাবণী মেলা উপলক্ষ্যে বাবার মাথায় জল ঢালতে লাখো মানুষের ভিড় তারকেশ্বরে।

# একশো দিনের কাজের বকেয়া মেটেরিয়াল এফটিও চেকিং এ কড়াকড়ি





গুড়াপ কায়স্থ পাড়ার জোড়া মন্দির।প্রায় আড়াইশো বছরের পুরনো শিবমন্দির।একদম ভগ্নদশা।প্লাস্টার খসে পড়ছে।মন্দিরের গায়ে টেরা কোটার কাজ এখনও স্পষ্ট বোঝা যাচ্ছে।গুড়াপের কায়স্থ পাড়ার জোড়া মন্দিরে এখনও নিত্য সেবা হয়।প্রাচীন এই মন্দির সংস্কার করার উদ্যোগ গ্রহণ করুক রাজ্যের ডবল ইঞ্জিন সরকার, চাইছেন এলাকার মানুষজন।

নিজস্ব প্রতিবেদন - একশো দিনের কাজের বকেয়া মেটেরিয়াল বিল ছাড়ার আগে কাজের গুণগত এবং পরিমাণগত মান ঠিক আছে কিনা জানতে ব্লক এবং জেলার টিমকে দিয়ে সারা রাজ্যেই ব্লকে ব্লকে চলছে মেটেরিয়াল এফটিও ভেরিফিকেশনের কাজ। ভেরিফিকেশনে কোনো গড়মিল পাওয়া গেলে বিল পেমেন্ট না করে ব্ল্যাক লিস্ট করা হোক অভিযুক্ত ঠিকাদার সংস্থাকে এবং পঞ্চায়েতের কোনো সরকারি আধিকারিক এই গড়মিলের সঙ্গে যুক্ত থাকলে তার বিরুদ্ধেও নেওয়া হোক কঠোর আইনি পদক্ষেপ,চাইছেন মানুষজন।



নিট প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে এবং কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবিতে বামপন্থী ছাত্র ও যুব সংগঠনের ডাকে কলকাতার রাজপথে বিক্ষোভ মিছিলে সামিল হাজার হাজার বামপন্থী ককরোচ।

## এক নজরে

(প্রথম পাতার পর)

না বলে অভিযোগ।সারের কালোবাজারি রুখতে অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণ করুক প্রশাসন,চাইছেন অসহায় চাষীরা।

● চলছে কৃষক বন্ধু ভেরিফিকেশন। কিন্তু কারেন্ট পরচা জোগাড় করতে নাজেহাল অবস্থা চাষীদের। বাংলার ভূমি সার্ভার অধিকাংশ সময়ই ডাউন, ঠিকঠাক কাজই করছে না বলে অভিযোগ।

● পদত্যাগ করলেন কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান।

● দু'মাস ধরে অচল ধনেখালি ব্লকের পলাশী ১ নং নদী সেচ প্রকল্প।ধান রোয়ার মরশুমে জল না পেয়ে বিপাকে চাষীরা।সংশ্লিষ্ট দপ্তরে বার বার জানিয়েও কোনো সুরাহা হয়নি বলে অভিযোগ।ক্ষোভে ফুঁসছেন এলাকার চাষীরা।

● সব কিছুতেই ধর্ম খুঁজতে যাবেন না।নিরপেক্ষ দৃষ্টিতে সব কিছু বিচার বিবেচনা করার চেষ্টা করুন।মনে রাখবেন,ঔদ্ধত্য,অহংকার,ক্ষমতার দম্ভ চিরস্থায়ী নয়।

● উপর থেকে নিচ পর্যন্ত সরকারি বিভিন্ন দপ্তরে সিস্টেমের মধ্যেই গলদের অভিযোগ।ঝাড়াই বাছাই হোক একদম উপর থেকে নিচ পর্যন্ত,চাইছেন সাধারণ মানুষজন।

● টেন্ডার দুর্নীতি রুখতে এবং সিন্ডিকেট রাজ ভাঙতে অনলাইনে টেন্ডার জমা দেওয়ার সময় অনলাইনেই সব পঞ্চায়েত,পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদে টেন্ডার ফি এবং আর্নেস্ট মানি জমা দেওয়া বাধ্যতামূলক করুক রাজ্যের ডবল ইঞ্জিন সরকার,চাইছেন সাধারণ মানুষজন।

● সোস্যাল মিডিয়ায় ভেবে চিন্তে কমেন্ট করবেন।ব্যক্তিগত আক্রমণ করে কারো সম্পর্কে কমেন্ট করার আগে দু'বার ভাববেন।কারো সম্পর্কে মিথ্যা অভিযোগ করলে আইনি ঝামেলায় জড়িয়ে পড়তে পারেন,হতে পারে মানহানির মামলা।তাই সংযত হয়ে কমেন্ট করবেন।ব্যক্তিগত আক্রমণ নয়,গঠনমূলক সমালোচনা করুন।

● পঞ্চায়েতে বাড়ছে শাসকদলের স্বঘোষিত নেতাদের আনাগোনা।সারাদিন পঞ্চায়েত আলো করে বসে থাকছেন অনেকেই।স্টাফদের চেয়ারও দখল হয়ে যাচ্ছে।পঞ্চায়েতের স্টাফেরা এখন চেয়ার ছেড়ে উঠতে ভয় পাচ্ছেন, কখন যে কে চেয়ারে বসে পড়বেন বোঝা দায়।

● তৃণমূল আমলে পঞ্চায়েত প্রধানদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠছে।কিন্তু দুর্নীতি যদি হয়ে থাকে তাহলে প্রধানদের পক্ষে তো একা দুর্নীতি করা সম্ভব হয়নি,পঞ্চায়েতের দু'একজন সরকারি আধিকারিকও নিশ্চয় যুক্ত।সেই সব সরকারি আধিকারিকদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধেও তদন্ত শুরু করুক রাজ্যের ডবল ইঞ্জিন সরকার,চাইছেন সাধারণ মানুষজন।

● দুর্নীতি রুখতে প্রধানদের হাত থেকে কেড়ে নেওয়া হল ক্ষমতা।পঞ্চায়েত প্রধান এবং পৌরসভার চেয়ারম্যানরা আর দিতে পারবেন না জন্ম মৃত্যুর সার্টিফিকেট।পঞ্চায়েতের ক্ষেত্রে সচিব এবং পৌরসভার ক্ষেত্রে এক্সিকিউটিভ অফিসাররা এবার জন্ম মৃত্যুর সার্টিফিকেট দেবেন বলে জানা যাচ্ছে।

● শাসক দলের লোকজন যদি সব সময় পঞ্চায়েতে গিয়ে পড়ে থাকেন, দাদাগিরি করেন তাহলে কিন্তু পঞ্চায়েত অচল হয়েই থাকবে,ব্যাহত হবে উন্নয়ন কাজ।দরকারে অবশ্যই পঞ্চায়েতে যান,কিন্তু পঞ্চায়েতে সারাদিন বসে না থেকে কাজ মিটলে চলে আসুন।মনে রাখবেন,পঞ্চায়েতটা আপনার পার্টি অফিস নয়,ওটা সরকারি প্রতিষ্ঠান।

● রাজ্যে জন্ম ও মৃত্যুর সার্টিফিকেট নিয়ে ব্যাপক দুর্নীতির অভিযোগ।রাজ্যের সব পঞ্চায়েত,পৌরসভাতে চলছে পুলিশি অভিযান।খতিয়ে দেখা হচ্ছে রেজিষ্টার।বাজেয়াপ্ত করা হচ্ছে জন্ম মৃত্যুর সব রেকর্ড।

● আর ৩ মাস অন্তর নয়,জানুয়ারি মাস থেকে প্রতি মাসে আসবে বিদ্যুৎ বিল, গার্হস্থ্য বাড়িতে স্মার্ট মিটার বসানো বাধ্যতামূলক নয়, বিধানসভায় জানালেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

● নির্বাচনী আচরণবিধি লাগু থাকাকালীন বেআইনিভাবে দশঘরা পূর্বপাড়ায় পিডব্লুডি'র জায়গায় গৃহ নির্মাণের পারমিশন দেওয়া হয়েছে বলে অভিযোগ দশঘরা ২ নং গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে।নির্বাচনী আচরণবিধি লাগু থাকাকালীন কি গৃহ নির্মাণের পারমিশন দিতে পারে পঞ্চায়েত ? পঞ্চায়েতের কি এক্তিয়ার আছে পিডব্লুডি'র জায়গায় নির্মাণ কাজের অনুমতি দেওয়ার ? উঠছে প্রশ্ন।

● বিধায়ক,মন্ত্রী থেকে শুরু করে সরকারি কর্মচারীদের ছেলে মেয়েদের প্রাথমিক থেকে মাধ্যমিক পর্যন্ত সরকারি স্কুলে পড়াশোনা বাধ্যতামূলক করার জন্য বিধানসভায় দাবি জানালেন নওসাদ সিদ্দিকী।

● কেরোসিন তেল পাচার কান্ডে পুলিশের স্ক্যানারে এবার রেশন ডিলাররা। বেআইনিভাবে রেশনের কেরোসিন তেল পাচারের অভিযোগে জামালপুরের শেরগড় থেকে ইতিমধ্যেই একটি রেশন ডিলারের ম্যানেজারকে গ্রেফতার করেছে ধনেখালি থানার পুলিশ।গ্রেফতারের আশঙ্কায় রাতের ঘুম উড়েছে দুর্নীতি পরায়ন রেশন ডিলারদের।

This newspaper is published by Israil Mallick from Vill - Mathurapur,P.O - Shiptai,P.S - Jamalpur,Dist - Purba Bardhaman,Pin - 712308,State - West Bengal on behalf of Israil Mallick, edited by Israil Mallick and printed by Mita Dutta at Barsha offset and Printing Press, Holding no.138/A,5 No. Ichlabad,Palpara, Burdwan,Purba Bardhaman,West Bengal - 713103